

পররাষ্ট্র মন্ত্রী
FOREIGN MINISTER



GOVERNMENT OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
DHAKA

বাণী

১৭ মার্চ ২০২০

আজ ১৭ মার্চ-- সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস। জাতির পিতার জন্মশতবার্ষিকী স্মরণীয় করে রাখার জন্য বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে দেশে-বিদেশে বছরব্যাপী ‘মুজিববর্ষ’ পালন করা হবে, যা আমাদের জাতীয় জীবনের একটি ঐতিহাসিক দুর্বলভ আয়োজন।

আজকের এই দিনে আমি গভীর শুদ্ধায় স্মরণ করছি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, যিনি বঞ্চনা ও নির্যাতন থেকে বাঙালি জাতির মুক্তির লক্ষ্যে স্বাধীনতা অর্জনের সুনীর্য সংগ্রামের নেতৃত্ব দিয়েছেন। বাঙালি জাতির অধিকার নিশ্চিত করার ক্ষেত্রে সর্বোচ্চ ত্যাগ ও সংগ্রামের এক উজ্জ্বল দৃষ্টান্ত বঙ্গবন্ধু। মানবতা, মানুষের ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক অধিকার নিশ্চিতকরণ, গণতন্ত্র প্রতিষ্ঠাসহ বিশ্বজুড়ে নিপীড়িত মানুষের অধিকার প্রতিষ্ঠা-প্রতিটি বিষয় বঙ্গবন্ধুর রাজনৈতিক আদর্শে প্রতিফলিত হয়েছে। বছরব্যাপী মুজিববর্ষ পালনের মাধ্যমে দেশের পাশাপাশি বিশ্ববাসীর কাছে জাতির পিতার আদর্শ ও অর্জন তুলে ধরা সম্ভব হবে বলে আমি মনে করি।

আজকের এই শুভদিনে আমি শিশুদের প্রতি সহযোগিতার হাত বাড়ানোর জন্য সকলের প্রতি আহবান জানাচ্ছি, তারা যেন নিজেদেরকে আলোকিত ও সার্থক ব্যক্তি হিসেবে গড়ে তুলতে পারে। জাতীয় শিশু দিবস পালনের মাধ্যমে নতুন প্রজন্ম বঙ্গবন্ধুর জীবন ও সংগ্রামের ইতিহাস জানতে পারবে এবং মুক্তিযুদ্ধের চেতনায় উন্মুক্ত হয়ে ছেটবেলা থেকে দেশ ও জাতির কল্যাণে নিজেদেরকে নিয়োজিত করতে পারবে।

মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার বাংলাদেশকে ২০২১ সালের মধ্যে একটি মধ্যম আয়ের এবং ২০৪১ এর মধ্যে একটি উন্নত ও সমৃদ্ধিশালী দেশে পরিণত করার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বাংলাদেশ সারাবিশ্বে ‘উন্নয়নের রোলমডেল’ হিসেবে স্বীকৃতি পেয়েছে। এডিবি’র রিপোর্ট অনুযায়ী, ৪৫টি এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় দেশের মধ্যে বাংলাদেশ গত বছর সর্বোচ্চ টিকিপি অর্জন করেছে যা ছিল ৮.১৫%।

বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে জাতির পিতার জন্মশতবার্ষিকী উদ্যাপনের জন্য বিদেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাসের সকল কর্মকর্তা-কর্মচারী এবং প্রবাসী বাংলাদেশীদের অভিনন্দন জানাই। সোনার বাংলা প্রতিষ্ঠার মাধ্যমে বঙ্গবন্ধুর আদর্শ বাস্তবায়ন করতে যার যার অবস্থান থেকে আমরা আন্তরিকভাবে কাজ করে যাব-- মুজিববর্ষে এই হোক আমাদের অঙ্গীকার।

আমি জাতির পিতার জন্মশতবার্ষিকীতে তাঁর বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু,
বাংলাদেশ চিরজীবী হোক।

ড. এ. কে. আব্দুর মোমেন, এমপি